

## পাঁচ বিজ্ঞানী ও গবেষককে স্বর্ণপদক প্রদান

# বিজ্ঞান ও প্রযুক্তি কাজে লাগিয়ে দারিদ্র্য বিমোচনের চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জনগণের অর্থ-সামাজিক মুক্তি এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি কাজে লাগানোর জন্য সমন্বিত পরিকল্পনার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। খবর বাসসর।

রবিবার বাংলাদেশ একাডেমী অব সায়েন্সেস (বিএএস) আয়োজিত অনুষ্ঠানে তিনি আরও বলেন, আমরা হত্যাকাণ্ড ও ধ্বংসের অশ্রু হিসাবে বিজ্ঞানের ব্যবহারের বিরোধী। আমরা মানুষের কল্যাণ ও শান্তি প্রতিষ্ঠা এবং দারিদ্র্য ও ক্ষুধা নির্মূলের মাধ্যমে জনগণের সুযোগ-সুবিধা বৃদ্ধি করার জন্য জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে

লাগাতে চাই।

প্রধানমন্ত্রীর কার্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পাঁচ বিজ্ঞানী ও গবেষককে তাঁদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অবদান রাখার জন্য স্বর্ণপদক দেয়া হয়। প্রধানমন্ত্রী পদক বিতরণ এবং অনুষ্ঠানে উপস্থিত মন্ত্রী, বিজ্ঞানী, গবেষক, শিক্ষাবিদ ও উচ্চপদস্থ কর্মকর্তাদের উদ্দেশে বক্তৃতা করেন।

প্রধানমন্ত্রী বলেন, পরিবেশের অবনতি বর্তমান শতাব্দির এক বড় ঝুঁকি। তিনি আরও বলেন, দারিদ্র্য বিমোচনের

(৭- পৃষ্ঠা ৬-এর সংশ্লিষ্ট)

(৮-এর পরের পর)

## বিজ্ঞান ও প্রযুক্তি

জন্য বিজ্ঞান ও প্রযুক্তি কাজে লাগিয়ে এ চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। বিজ্ঞান ও তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী ড. এ মঈন খান, বিএএস সভাপতি ড. এম শামসের আলী, সহসভাপতি একেএম নূরুল ইসলাম ও সাধারণ সম্পাদক এএম চৌধুরী অনুষ্ঠানে বক্তৃতা করেন। ইউনেস্কোর সিদ্ধান্ত অনুযায়ী রবিবার বিশ্বের সর্বত্র বিশ্ব বিজ্ঞান ও শান্তি দিবস পালনকালে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আবুদুদৌল হাফিজ বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক। এম সলিমউল্লাহ, যুক্তরাষ্ট্রের ক্রোরিডা স্টেট ইউনিভার্সিটির গবেষণা সহযোগী ড. ইঞ্জিনিয়ারী জুনাইদ আমিন আস-সালেহ এবং চট্টগ্রাম মেডিক্যাল কলেজের মেডিসিনের অধ্যাপক ড. আবদুল ফয়েজ বিএএস-এর স্বর্ণপদক পেয়েছেন।

ঢাকাস্থ ন্যাশনাল সেন্টার ফর কন্ট্রোল অ্যান্ড রিসিউমেটিক ফিভার এ্যান্ড হার্ট ডিজিজেস-এর এপিডেমিওলজি বিভাগের অধ্যাপক ড. এম মোস্তফা জামান পেয়েছেন ড. সাদতান আহমেদ চৌধুরী পদক এবং বাংলাদেশ আঞ্চলিক শক্তি কমিশনের চেয়ারম্যান ড. মহিউদ্দিন চৌধুরী পেয়েছেন ড. এম ও. গণি স্মৃতিপদক। বিএএস সভাপতির কার্যকরী দাপ্তরিক প্রেসে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলেন, তাঁর সরকার দেশটিতে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে আদ্যের দাবিগুলো অবশ্যই বিবেচনা করবে।